# COVID-19 ভ্যাকসিনের তৃতীয় ডোজ

NYC HEALTH+ HOSPITALS | Test & Trace Corps

আপনার যা কিছু জানা প্রয়োজন

## COVID-19 ভ্যাকসিন – ইমিউনোকম্প্রোমাইজড ব্যক্তিদের জন্য তৃতীয় ডোজ

প্রায়শই জিজ্ঞাসা করা প্রশ্নগুলি

### COVID-19 এর জন্য তৃতীয় ডোজ কেন?

তৃতীয় ডোজ COVID-19-এর বিরুদ্ধে বাড়তি সুরক্ষা প্রদান করে। আগস্ট 16, 2021 পর্যন্ত, তৃতীয় ডোজ শুধুমাত্র কিছু শারীরিক গুরুতর অবস্থার ব্যক্তিদের জন্য সুপারিশ করা হয় বা যারা তাদের রোগ প্রতিরোধ ব্যাবস্থাকে দুর্বল করে ফেলে এমন চিকিৎসা গ্রহণ করে তাদের জন্য। এর কারণ হল তাদের টিকার প্রতি যথেষ্ট শক্তিশালী প্রতিক্রিয়া থাকেনা, অন্যদের যেভাবে মাত্র দুটি মাত্রায় হয়ে যায়, এবং সেজন্য অতিরিক্ত শটের প্রয়োজন পড়ে।

### কে COVID-19 এর বিরুদ্ধে তৃতীয় ভ্যাকসিন ডোজের জন্য যোগ্য?

যোগ্য হওয়ার জন্য আপনাকে অবশ্যই নিম্নলিখিত তিনটি মানদণ্ড পূরণ করতে হবে:

+ আপনার বয়স 12 বছর বা তার বেশি।
+ আপনি কমপক্ষে 28 দিন আগে Pfizer বা Moderna ভ্যাকসিনের দুটি ডোজ পেয়েছেন।
+ আপনাকে মাঝারি থেকে গুরুতর ভাবে ইমিউনোকম্প্রোমাইজড হিসাবে বিবেচনা করা হচ্ছে।

### "ইমিউনোকম্প্রোমাইজড" মানে কী?

ইমিউনোকম্প্রোমাইজড ব্যক্তিরা এমন ব্যক্তি যাদের এমন কোনও রোগ আছে বা এমন কোনও ওষুধ খাচ্ছেন যা তাদের রোগ প্রতিরোধ ক্ষমতাকে দুর্বল করে দিচ্ছে এবং তাদের জন্য সংক্রমণের বিরুদ্ধে লড়াই করা কঠিন করে তোলছে। এই লোকেরা COVID-19 থেকে গুরুতর অসুস্থতার জন্য উচ্চ ঝুঁকিতে রয়েছে।

মাঝারি থেকে গুরুতর ইমিউনোকম্প্রোমাইজড ব্যক্তিদের অন্তর্ভুক্ত যারা:

+ যারা বর্তমানে ক্যান্সারের চিকিৎসা গ্রহণ করছেন, যেমন কেমোথেরাপি
+ যারা বর্তমানে উচ্চ মাত্রার কর্টিকোস্টেরয়েড (≥20mg প্রেডনিসোন বা অনুরূপ) অথবা এমন ওষুধ গ্রহণ করছেন যা তাদের রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল করে দেয়
+ একটি অঙ্গ প্রতিস্থাপন করা হয়েছিল এবং এখন ইমিউনো-সাপ্রেসিভ থেরাপি নিচ্ছেন
+ গত দুই বছরে স্টেম সেল প্রতিস্থাপন করা হয়েছিল
+ মারাত্মক বা চিকিৎসা করা হয়নি এমন HIV সংক্রমণ আছে
+ মাঝারি বা গুরুতর ইমিউনোডেফিসিয়েন্সির আরেকটি কারণ আছে (যেমন DiGeorge সিন্ড্রোম বা Wiskott-Aldrich সিন্ড্রোম)

### তৃতীয় ডোজ নেওয়া কি নিরাপদ?

খাদ্য ও ওষুধ প্রশাসন (Food and Drug Administration, FDA), রোগ নিয়ন্ত্রন ও প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention, CDC), এবং স্বাধীন বিশেষজ্ঞরা নির্ধারণ করেছেন যে তৃতীয় ডোজ পাওয়ার সুবিধাগুলি যে কোনও পরিচিত বা সম্ভাব্য ঝুঁকির সম্ভাবনাকে অতিক্রম করে।

### আমার তৃতীয় ডোজ কখন নেওয়া উচিত?

আপনার দ্বিতীয় ডোজের কমপক্ষে চার সপ্তাহ পরে আপনার তৃতীয় ডোজ নেওয়া উচিত। আপনার দ্বিতীয় ডোজের পরে যতই সময় অতিবাহিত হোক না কেন আপনি তৃতীয় ডোজ নিতে পারেন।

### আমি তৃতীয় ডোজটি কোথায় পেতে পারি?

আপনি যে কোনও NYC Health + Hospital-এর অবস্থানগুলির পাশাপাশি শহরের আশেপাশের অন্যান্য কেন্দ্রগুলিতেও আপনার তৃতীয় ডোজটি নিতে পারেন। আপনি যেখানে আপনার প্রথম দুটি ডোজ পেয়েছেন সেই একই সাইটে আপনার তৃতীয় ডোজটি নিতে হবে এমন কোনও কথা নেই। একটি ভ্যাকসিন প্রদানের স্থান খুঁজে পেতে ভিজিট করুন nyc.gov/vaccinefinder অথবা ফোন করুন 877-VAX-4-NYC (877-829-4692) নম্বরে।

চলমান ▶

## তৃতীয় ডোজ পেতে কি আমার ডাক্তারের রেফারেল পেতে হবে?

তৃতীয় ডোজ পেতে আপনার ডাক্তারের রেফারেল প্রয়োজন নেই। তবে, আপনি যদি নিশ্চিত না হন যে আপনি যোগ্য কিনা বা আপনার ব্যক্তিগত স্বাস্থ্যের ইতিহাসের কারণে কোনও নির্দিষ্ট প্রশ্ন থাকলে, আমরা আপনাকে আপনার চিকিৎসকের সাথে এটি নিয়ে আলোচনা করার পরামর্শ দিচ্ছি। সমস্ত রোগীদেরকে  ভ্যাকসিনেশনের সময় তিনটি চাহিদা যাচাই করতে বলা হবে যার মধ্যে রয়েছে তাদের বয়স (>12 বছর বয়সী), তাদের পূর্ববর্তী ভ্যাকসিনেশনের ইতিহাস (28 দিনের ও বেশি আগে Moderna বা Pfizer-এর দুটি ডোজ সম্পন্ন), এবং তারা উপরের সংজ্ঞানুযায়ী মাঝারি বা মারাত্মকভাবে ইমিউনোকম্প্রোমাইজড কিনা।

## আমার কি পূর্বের ভ্যাকসিনেশনের প্রমাণ নিয়ে আসতে হবে?

আপনার পূর্ববর্তী ভ্যাকসিনেশনের তারিখগুলি সহ আপনার CDC কার্ড থাকলে আপনার এটি নিয়ে আসা উচিত। তবে, যদি আপনার এটি না থাকে তবুও আপনি আপনার তৃতীয় শট টি পেতে পারেন কিন্তু আপনাকে প্রমাণ করতে বলা হবে যে আপনার  2য় শটটি 28 দিনেরও বেশি আগে ছিল।

## তৃতীয় ডোজ কি বিনামূল্যে?

হ্যাঁ, যোগ্য ব্যক্তিদের জন্য তৃতীয় ডোজ বিনামূল্যে। আপনার যদি বীমা থাকে তবে এর বিল করা হতে পারে, তবে আপনাকে কো-পেমেন্ট বা অন্যান্য ফির জন্য চার্জ করা হবে না।

## আমাকে কি আমার তৃতীয় ডোজের জন্য অ্যাপয়েন্টমেন্ট করতে হবে?

আপনি আপনার তৃতীয় ডোজ পেতে যে কোনও NYC Health + Hospitals-এ স্বশরীরে যেতে পারেন। অন্যান্য স্থানসমূহের ক্ষেত্রে, ভিজিট করুন nyc.gov/vaccinefinder অথবা কল করুন 877-VAX-4-NYC (877-829-4692) নম্বরে।

## আমি ভ্রমণে অক্ষম। আমি কি তৃতীয় ডোজটি ঘরে পেতে পারি?

12 এবং তদোর্ধ বয়সী সকল নিউ ইয়র্কবাসী ঘরেই ভ্যাকসিন নিতে পারেন। আপনি ইন-হোম ভ্যাকসিনেশনের জন্য সাইন আপ করতে পারেন https://forms.cityofnewyork.us/f/home-এই ঠিকানায় (Internet Explorer-এর মাধ্যমে প্রবেশযোগ্য নয়) বা 877-VAX-4NYC (877-829-4692) নম্বরে ফোন করার মাধ্যমে।

## এটি কি একটি 'বুস্টার' শট?

এটি ভ্যাকসিনের প্রথম এবং দ্বিতীয় ডোজের ধারাবাহিকতা হিসাবে বিবেচিত হয় যাতে মারাত্মকভাবে ইমিউনোকম্প্রোমাইজড ব্যক্তিদের ভাইরাসের বিরুদ্ধে যতটা সম্ভব অনাক্রম্যতা তৈরি করতে সহায়তা করা যায় এবং তাই এটি ভ্যাকসিনের "প্রাথমিক সিরিজ" এর অংশ হিসাবে বিবেচিত হয়, যা মোট 3 টি শট।

## আমার প্রথম দুটির তুলনায় এই শটে কি আলাদা পরিমাণে ভ্যাকসিন রয়েছে?

না। তৃতীয় ডোজে ভ্যাকসিনের পরিমাণ প্রথম এবং দ্বিতীয় ডোজের মতোই।

## আমার একটি দীর্ঘস্থায়ী রোগ আছে যা আমাকে খুব অসুস্থ হওয়ার উচ্চ ঝুঁকিতে ফেলবে যদি আমি COVID-19-এ আক্রান্ত হই (যেমন ডায়াবেটিস, হৃদরোগ, স্থূলতা, ধূমপান বা সিওপিডি)। আমার কি তৃতীয় ডোজ নেওয়া উচিৎ?

যদিও কিছু দীর্ঘস্থায়ী অবস্থা আপনাকে COVID-19 সংক্রমণের পরে আরও খারাপ অসুস্থতার জন্য উচ্চ ঝুঁকিতে ফেলতে পারে, তবে এই মুহূর্তে আপনার তৃতীয় ডোজের প্রয়োজন নেই। Pfizer বা Moderna ভ্যাকসিনের আপনার দুটি ডোজ বা Johnson & Johnson-এর Janssen ভ্যাকসিনের একটি ডোজ বেশিরভাগ প্রাপ্তবয়স্কদের জন্য COVID-19-এর বিরুদ্ধে পর্যাপ্ত সুরক্ষা সরবরাহ করতে পারে বলে প্রমাণিত হয়েছে।

তবে, বিজ্ঞানী এবং ডাক্তাররা COVID-19 এবং ভ্যাকসিন সম্পর্কে আরো জানতে পারলে সুপারিশগুলি পরিবর্তন হতে পারে। এটা সম্ভব যে আপনি আজ যোগ্য না হলেও ভবিষ্যতে তৃতীয় ডোজের জন্য যোগ্য হতে পারেন।

## আমি যদি Moderna ভ্যাকসিনের প্রথম দুটি ডোজ পাই, তবে কি আমার তৃতীয় ডোজের জন্য Moderna-ই নিতে হবে?

আপনার তৃতীয় ডোজ *হয়* Moderna বা Pfizer হতে পারে। এর কারণ উভয়ই mRNA ভ্যাকসিন এবং একই ভাবে কাজ করে। যাইহোক, যদি আপনার বয়স 12 থেকে 17 বছরের মধ্যে হয়, 18 বছরের কম বয়সী শিশুদের ক্ষেত্রে Moderna ভ্যাকসিনের জন্য FDA কর্তৃক ভ্যাকসিন অনুমোদনের মুলতুবি স্থিতির কারণে, আপনাকে অবশ্যই Pfizer ভ্যাকসিনই নিতে হবে। আপনি যদি Pfizer ভ্যাকসিনের প্রথম দুই ডোজ পেয়ে থাকেন, তাহলে আপনার বয়স নির্বিশেষে আপনি আপনার তৃতীয় ডোজের জন্য Pfizer বা Moderna পেতে পারেন।

## আমি Johnson & Johnson-এর Janssen ভ্যাকসিন পেয়েছি। আমার কি তৃতীয় ডোজ নেওয়া উচিৎ?

এই মুহূর্তে, যারা ইমিউনোকম্প্রোমাইজড এবং Johnson & Johnson-এর COVID-19 ভ্যাকসিন গ্রহণ করেছেন তাদের জন্য একটি অতিরিক্ত ডোজ FDA কর্তৃক অনুমোদিত নয়। আমরা আশা করি শীঘ্রই অতিরিক্ত তথ্য পাওয়া যাবে।




NYC HEALTH+ HOSPITALS | Test & Trace Corps

প্রকাশিত: 8/17/2021
Bengali